**PRESS RELEASE**

**PRESS RELATIONS DIVISION**, Central Office, Post Box 406, Mumbai 400001
Phone: 2266 0502 Fax: 2266 0358, 2270 3279

**RESERVE BANK OF INDIA**
www.rbi.org.in
www.rbi.org.in\hindi
e-mail: helpprd@rbi.org.in

**১৯শে ডিসেম্বর ২০০৬**

**ভারতীয় রিজার্ভ ব্যাংক নতুন ফেরিটিক স্টেনলেস স্টিল ২ রুপীর কয়েন বাজারে ছাড়তে চলেছে**

ভারতীয় রিজার্ভ ব্যাংক খুব শীঘ্রই নতুন ফেরিটিক স্টেনলেস স্টিলের কয়েন বাজারে ছাড়তে চলেছে এবং এই কয়নের বিষয় হতে চলেছে "বিবিধের মাঝে ঐক্য"।

এই নতুন কয়েনগুলি গোলাকার এবং তাদের ব্যাস ২৭ মিলিমিটার। এই কয়েনের ধাতুর মাত্রা থাকবে ১৭ শতাংশ ক্রোমিয়াম ও ৮৩ শতাংশ লোহা।

কয়নটির একদিক তিন ভাগে বিভক্ত। সেই দিকের ঠিক মাঝামাঝি অশোকস্তম্ভ থাকবে এবং তার তলায় খোদিত আছে सत्यमेव जयते এবং বড় আকারে আন্তর্জাতিক অক্ষরে লেখা থাকবে "2" যা মুদ্রার মূল্য মান দেখাবে। কয়েনটির উপরের দিকে দেবনাগরী অক্ষরে লেখা আছে भारत ও ল্যাটিন অক্ষরে "India"। নিচের দিকে আন্তর্জাতিক অক্ষরে মুদ্রার তৈয়ারীর বছর লেখা থাকবে। কয়েনটির উল্টোপীঠে "বিবিধের মাঝে ঐক্য" যা আমাদের দেশের বৈশিষ্ট্য তা চিহ্ন-লাঞ্ছনগতভাবে তুলে ধরা হবে। এই চিহ্ন-লাঞ্ছনে দেখা যাবে চারটি মাথা যারা একটি সাধারণ দেহকে আধার করে আছে। এটিকে দেখতে হবে দেশের চার কোণা থেকে আসা চার রকম মানুষজন যারা এক দেশের এক পতাকার তলায় একত্র হচ্ছে। এর দৃশ্যমান নকশাটি একটি মানুষ বোঝাচ্ছে যা একতা অর্থে ব্যবহৃত এবং যা সহজেই যো কোনো ব্যক্তি চিহ্নিত করতে পারবে। কয়নটির এই দিকের বাঁদিকের উপর পরিসীমা জুড়ে দেবনাগরী অক্ষরে **दो रुपया** এবং ল্যাটিন অক্ষরে **Two Rupees** লেখা আছে।

কয়নেজ অ্যাক্ট ১৯০৬ অনুযায়ী এই কয়েনটি আইন স্বীকৃত মুদ্রা। যদিও বর্তমানে যে ২ রুপীর কয়েন প্রচলিত আছে সেটিও আইন স্বীকৃত মুদ্রা হিসাবে প্রচলিত থাকবে।

**পি. ভি. সদানন্দন**
ম্যানেজার

**প্রেস বিজ্ঞপ্তি : 2006-2007/835**